

**বাংলা বিভাগ অ্যালামনাই**  
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**  
**কার্যনির্বাহী পরিষদ ২০১৯-২০২০ এবং চতুর্থ সম্মিলন উদযাপন কমিটির সভা**

তারিখ: ১৯ নভেম্বর ২০২২, শনিবার।

সময়: বিকেল ০৪.০০টা

স্থান: ১৫০নম্বর কক্ষ, শহীদুল্লাহ কলাভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

আজ ১৯ নভেম্বর ২০২২, শনিবার বিকেল ০৪.০০টায় শহীদুল্লাহ কলাভবনের ১৫০নম্বর কক্ষে বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহী পরিষদ ২০১৯-২০২০ এবং চতুর্থ সম্মিলন উদযাপন কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অ্যালামনাইয়ের সম্মানিত সদস্য ও বাংলা সমিতির সাবেক ভিপি মো. জামাল উদ্দিন।

**সভার আলোচ্যসূচি:**

১. পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত ও কার্যক্রমের অগ্রগতি বিষয়ক।
২. চতুর্থ সম্মিলনী উদযাপন ২০২২ এর তারিখ পুননির্ধারণ।
৩. বিবিধ।

**সভার উপস্থিতি স্বাক্ষর:**

কপি সংযুক্ত

**সভার সিদ্ধান্তসমূহ:**

১. সভার শুরুতেই সদ্য অকাল প্রয়াত বাংলা বিভাগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা সরকার সুজিত কুমারের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে দাঁড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়।
২. অ্যালামনাইয়ের চতুর্থ সম্মিলনী উদযাপনের চূড়ান্ত তারিখ সর্বসম্মতিক্রমে ২২ ও ২৩শে ডিসেম্বর ২০২২ বৃহস্পতি ও শুক্রবার পুননির্ধারণ করা হলো।
৩. বাংলা বিভাগের গুণী ব্যক্তিদের বিশেষ সম্মাননা দেয়া যেতে পারে যদি স্যুভিনিরে স্পন্সর পাওয়া যায়। সেক্ষেত্রে সিনিয়রিটির ভিত্তিতে প্রতি পাঁচ ব্যাচ ধরে ধরে এই সম্মাননা প্রদান করা হবে।
৪. রেজিস্ট্রেশন কার্যক্রম গতিশীল করা এবং সদস্যদের তালিকাভুক্তির ক্ষেত্রে সকল প্রকার ত্রুটি সংশোধনের জন্য রেজিস্ট্রেশন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত ও দায়িত্বপ্রাপ্ত সকলকে বিশেষভাবে বলা হলো।
৫. সাধারণ সদস্যদের ভোটাধিকার থাকবে না তবে তারা সম্মিলনে যোগদান করতে পারবেন।
৬. অ্যালামনাসদের জন্য কিটস এর অন্তর্ভুক্ত ব্যাগের সমস্ত খরচ বহন করবেন বাংলা সমিতির সাবেক ভিপি মো. জামাল উদ্দিন।
৭. অ্যালামনাসদের জন্য টি-শার্টের সমস্ত খরচ বহন করবেন ড. আজিজুর রহমান দিপু।
৮. অ্যালামনাসদের জন্য কিটস এর অন্তর্ভুক্ত শাড়ি চূড়ান্তভাবে নির্ধারণ করা হলো টাঙ্গাইল তাঁতের সিল্ক এবং পাঞ্জাবি চূড়ান্তভাবে নির্ধারণ করা হলো কুমিল্লার খাদি।
৯. ঢাকায় কার্যকারী কমিটির একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হলো। সভার সম্ভাব্য তারিখ নির্বাচিত হলো আগামী ২৫শে নভেম্বর শুক্রবার ২০২২।
১০. আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

